


www.kidworship.kr


11Page


12Page


13Page

# আদম এবং হবা

-2nd story-

বক্তাঃ এদেন উদ্যান সমস্ত রকম গাছ এবং ফুলে ভরে গেল এবং একটি সুন্দর নদী সেখান থেকে বইতে লাগ্ল। সমস্ত পশুরা একসাথে আনন্দের সহিত বসবাস ক্রত। এদেন উদ্যানের ঠিক মাঝখানে একটি ভালো-মন্দ জ্ঞানের বৃক্ষ ছিল। আদ্ম সেই উদ্যানে আনন্দের সহিত বসবাস করতে লাগ্ল এবং ঈশ্বর তার সাথে কথা ব্লত।

ঈশ্বরঃ " তুমি এদেন উদ্যানের যেকোন গাছের ফ্ল খেতে পার, কিন্তু তুমি অবশ্যই ভালো-মন্দ জ্ঞানের গাছের ফ্ল খাবে না, যদি তুমি সেটি খাও, তবে তুমি মরিবেই মরিব্রে"।

আদ্মঃ " হ্যা প্রভু

........................................................................................................

বক্তাঃ ঈশ্বর দেখলেন যে আদমের একা থাকা ভালো নয়।তাই যখন আদম ঘুমাচ্ছিল, তখন ঈশ্বর আদমের পাঁজরের একটি হাড় নিয়ে একটি নারীকে সৃষ্টি করলেন।সেই নারীটির নাম হল হবা। যদিও আদম এবং হবা দুজনেই উলঙ্গ ছিল, কিন্তু তাঁদের মধ্যে লজ্জা ছিল না।

........................................................................................................

বক্তাঃ একদিন, সাপ হবার কাছে এল।

সাপঃ " ঈশ্বর কি সত্যি বলেছেন," তুমি এই বাগানের কোন গাছ থেকে ফল খাবে না?"

হবাঃ না, আমরা গাছে সব গাছ থেকেই ফল খেতে পারি কিন্তু ঈশ্বর বলেছেন, ' তোমরা অবশ্যই ভালো-মন্দদায়ক গাছের ফল খাবে না বা ছোবে না, যদি তোমরা খাও তবে অবশ্যই মরবে।"

সাপঃ না, কখনই নয়! একবার খেয়ে দেখ! তুমি মরবে না।ঈশ্বর জানেন তুমি যদি সেই ফল খাও তবে তোমার জ্ঞানচক্ষু খুলে যাবে এবং তুমি তার মত হয়ে যাবে, তোমার মধ্যে ভালো-মন্দের জ্ঞান চলে আসবে"।


হবাঃ " সত্যি? এটাকি সত্যি?"

সাপঃ " অবশ্যই! ফলটির দিকে দেখ... দেখ এটি কত সুস্বাদু......(হা হা)"

বক্তাঃ সর্পটি আদমের এবং হবার সাথে ঈশরের প্রতিশ্রুতি ভঙ্গ করতে এবং ভাল ও মন্দের জ্ঞানের গাছের ফল খেয়ে তাঁর বিরুদ্ধে পাপ করার জন্য দুষ্ট পরিকল্পনা করেছিল। হবা দেখেছিল যে গাছের ফল খাবারের জন্য ভাল এবং দেখতেও সুন্দর। হবা ঈশ্বরের সতর্কতা সম্পূর্ণরূপে ভুলে গিয়েছিল যে সে যদি গাছ থেকে খায় তবে অবশ্যই সে মারা যাবে, সে ফলটির



14Page



15Page

কাছে গিয়ে, কিছু ফল নিয়েছিল এবং তা খেয়েছিল। সে তার স্বামীকে কিছু ফল খেতে দিল এবং তিনি তা আদম খেল। তখন অদ্ভুত কিছু ঘটেছিল। আদম এবং হবা হঠাৎ বুঝতে পারল যে তারা উলঙ্গ। তারা লজ্জা পেয়েছিল; সুতরাং তারা একসাথে ডুমুর পাতা সেলাই করে এবং নিজের জন্য পোশাকক তৈরি করল এবং সেটিকে পরে বাগানে লুকিয়ে থাকল। ঈশ্বর যিনি সর্বজ্ঞ, তিনি অত্যন্ত দুঃখ পেয়েছিলেন। ঈশ্বর আদমকে ডাকলেন।

ঈশ্বরঃ আদম , তুমি কোথায়? তুমি কি ভাল-মন্দের জ্ঞান গাছ থেকে ফল খেয়েছ? ”

আদমঃ প্রভু, হবা আমাকে সেই গাছের কিছু ফল দিয়েছিল আর আমি সেটা খেয়েছিলাম’’।

ঈশ্বরঃ ‘‘ হবা, তুমি কেন এমন করলে?’’

হবাঃ ‘‘ প্রভু, সাপ আমায় ছল করে খেতে বাধ্য করেছে।‘

বক্তাঃ ঈশ্বর আদম এবং হবাকে তাঁদের অবাধ্যতার জন্য শাস্তি দিলেন। তিনি সাপকেও শাস্তি দিলেন।

..........................................................................................................

ঈশ্বরঃ ‘‘ সাপ! তুমি সারাজীবন বুকে হেতে চলবে!’’

‘‘ হবা! তোমার প্রসব বেদনা অতিশয় বৃদ্ধি হবে!’’

‘‘ আদম,বেদনাদায়ক কষ্টের পর দিনের খাদ্য পাবে এবং মরার পর আবার ধূলিতে মিশে যাবে ‘’।

বক্তাঃ ঈশ্বর আদম এবং হবাকে পশুর ত্বকের পোশাক পরিধান করেছিলেন এবং তারপরে এদন উদ্যান থেকে বের করে দেন। যদিও আদম এবং হবা তাদের প্রতিশ্রুতি ভঙ্গ করেছিল এবং পাপ করেছিল, তবুও ঈশ্বর তাদের ভালবাসেন এবং শেষ অবধি তাদের দেখাশোনা করেছেন। আর তাই আদম ও হবা আদনের বাগান ছেড়ে চলে গেল এবং তারা মারা গেলে তারা ধূলায় ফিরে গেল, যেমন ঈশ্বর বলেছিলেন।